গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
দারিদ্র্য বিমোচন ও ঋণ কর্মসূচী অধিশাখা

**২০২২-২০২৩ অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন বিষয়ক ১ম সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | এ কে এম মফিজুল ইসলাম<br>পরিচালক (দা. বি. ও ঋণ) ও ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর। |
| সভার তারিখ | ০৪/০৮/২০২২ খ্রি. |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | পরিচালকের অফিস কক্ষ। |
| উপস্থিতি | উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হয়েছে। |

সভাপতি উপস্থিত সকল সম্মানীত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় মন্ত্রিপরিষদ বিভাগ প্রণীত ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা মোতাবেক মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা পর্যায়ের অফিসের জন্য নির্ধারিত কার্যক্রম, কর্মসম্পাদনের সূচক এবং বাস্তবায়নের সময়কাল উপস্থাপনের জন্য সদস্য-সচিবকে আহ্বান জানানো হয়। সদস্য-সচিব প্রতিটি কার্যক্রম, কর্মসম্পাদনের সূচক এবং বাস্তবায়নের সময়কাল সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত কর্মপরিকল্পনা বিষয়ে আলোচনা এবং গৃহীত সিদ্ধান্ত নিম্নে বর্ণনা করা হলোঃ

| নং | কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | ১.১. সেবা সহজিকরণ/ ডিজিটাইজে-শনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | ক. সদস্য-সচিব ইনোভেশন টিম সভায় অবগত করেন যে ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা মোতাবেক সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যুনতম একটি উদ্ভাবনী ধারণা ০৪/০৫/২০২৩ খ্রি. তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে।<br>চলতি অর্থবছরে সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে একটি উদ্ভাবনী ধারণা নির্বাচনের লক্ষ্যে অধিদপ্তরের প্রতিটি শাখা থেকে বাস্তবায়নযোগ্য ধারণার প্রস্তাবনা ইনোভেশন সেলের নিকট প্রেরণের জন্য আহ্বান জানানো যায় এবং প্রাপ্ত ধারণা থেকে অগ্রাধিকারভিত্তিতে তিনটি ধারণার তালিকা প্রস্তুত করতে একটি কমিটি গঠন করা যেতে পারে। কমিটি স্বল্পতম সময়ের মধ্যে উদ্ভাবন ধারণার তালিকা ইনোভেশন সেলের নিকট প্রেরণ করবে। ধারণার তলিকা থেকে একটি ধারণা মহাপরিচালকের অনুমোদনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগের গাইড লাইন মোতাবেক বাস্তবায়ন করা যায়। | ক. চলতি অর্থবছরে সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যুনতম একটি উদ্ভাবনী ধারণার নাম আগামী ১৪/০৮/২০২২ খ্রি. তারিখের মধ্যে ইনোভেশন সেল-এ প্রেরণ করতে ইনোভেশন সেল হতে অধিদপ্তরের প্রতিটি শাখাকে পত্র দিতে হবে।<br><br>খ. সকল শাখা থেকে প্রাপ্ত বাস্তবায়নযোগ্য উদ্ভাবন ধারণা বাছাই করে অগ্রাধিকার ভিত্তিতে তিনটি ধারণা বাছাইকরণের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে টিম গঠন করা হলো-<br>(১) জনাব মোঃ হামিদুর রহমান, উপপরিচালক(বাস্তবায়ন)-------------- আহ্বায়ক;<br>(২) জনাব শেখ মোঃ নাসির উদ্দিন) উপপরিচালক(দা. বি. ও ঋণ)----------সদস্য<br>(৩) জনাব অমলেন্দু বিশ্বাস, প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর ------ সদস্য<br>(৪) জনাব মোঃ শাহীনূর রহমান, উপপরিচালক(দা. বি. ও ঋণ)- ------- সদস্য<br>(৫) জনাব মোঃ জাকারিয়া জামিল সহকারি পরিচালক (প্রশি:)------------ সদস্য<br><br>গ. কমিটি সকল শাখা থেকে প্রাপ্ত উদ্ভাবন ধারণা বাছাই করে অগ্রাধিকার ভিত্তিতে তিনটি ধারণার তালিকা আগামী ২০/০৮/২০২২ খ্রি. তারিখের মধ্যে ইনোভেশন সেল-এ প্রেরণ করবে। | ইনোভেশন টিম |

| নং | কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| | ১.২. ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবাসমূহ চালু রাখা | ক. সভায় জানানো হয় যে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবাসমূহ চালু রাখার বিষয়টি ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনায় নির্ধারণ করা হয়েছে। সভায় পূর্বে বাস্তবায়িত সকল উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবার তালিকা প্রস্তুত করার জন্য তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা যায়। প্রাপ্ত তালিকার সেবাসমূহ যে কার্যালয়ে বাস্তবায়িত হচ্ছে তার সাথে যোগাযোগ করে সেবা বাস্তবায়নের বর্তমান অবস্থার তথ্য সংগ্রহ করে ডাটাবেজ তৈরী করা যেতে পারে এবং সেবাসমূহ সচল রাখার উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ তৈরীর জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে টিম গঠন করা হলো-<br>(১) জনাব অমলেন্দু বিশ্বাস, প্রোগ্রামার, যুব উন্নয়ন অধি: - আহ্বায়ক<br>(২) জনাব মোঃ শাহীনূর রহমান উপপরিচালক(দা. বি. ও ঋণ)- সদস্য<br>(৩) জনাব মোঃ সালেহ্ উদ্দিন আহমেদ, সহকারী পরিচালক(পরি:) - সদস্য<br>কমিটি আগামী ৩১/০৮/২০২২ খ্রি. তারিখের মধ্যে ডাটাবেজ তৈরী করে ইনোভেশন সেল-এ প্রেরণ করবে। | ইনোভেশন টিম |
| | ১.৩. ই-নথির ব্যবহার বৃদ্ধি | সরকারী সেবা কার্যক্রমকে ডিজিটালাইজড করার জন্য প্রতিটি দপ্তর/সংস্থার ই-নথি ব্যবহার বাধ্যতামূলক করা হলেও লক্ষ্য করা যাচ্ছে যে, সম্প্রতি যুব উন্নয়ন অধিদপ্তর ই-নথির ব্যবহারে পিছিয়ে পড়েছে। জুন ২০২২ পর্যন্ত ই-নথির ব্যবহার ৬১% উন্নীত করা সম্ভব হয়েছে।<br>২০২২-২৩ অর্থবছরে ই-নথির ব্যবহার ৮৫%-এ উন্নীত করতে পারলে এ বিষয়ে পূর্ণ নম্বর ৪ অর্জন করা যাবে। ই-নথির ব্যবহার সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের স্বাক্ষরে পত্র দেওয়ার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | সকল শাখা এবং মাঠ পর্যায়ের সকল কার্যালয়ের মোট সম্পাদিত নথির ৮৫% ই-নথিতে সম্পন্ন করতে মহাপরিচালক(গ্রেড-১) মহোদয়ের স্বাক্ষরে পত্র প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |
| | ১.৪. ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/ কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন | সভায় ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা প্রণয়ন এবং ইনোভেশন সেলকে জানাতে ফোকাল পয়েন্ট (৪র্থ শিল্প বিপ্লব)-কে পত্র দেওয়ার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়। | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় ২০২২-২৩ অর্থবছরের যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মপরিকল্পনা প্রণয়ন এবং চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মশালা আয়োজনের তথ্য ইনোভেশন সেলকে জানাতে ফোকাল পয়েন্টকে পত্র দিতে হবে। | ইনোভেশন টিম |
| | ২.১. তথ্য বাতায়ন হালনাগাদকরণ | ত্রৈমাসিকভিত্তিতে তথ্য বাতায়ন হালনাগাদকরণ এবং প্রমাণক হিসেবে তথ্য বাতায়ন হালনাগাদকরণের স্ক্রীন-শট সংরক্ষণ এবং ইনোভেশন সেল-এ প্রেরণের জন্য আইসিটি শাখাকে অনুরোধ জানাতে সভায় আলোচনা হয়। | তথ্য বাতায়নের সকল সেবাবক্স নিয়মিত হালনাগাদ করতে হবে এবং তথ্য বাতায়ন হালনাগাদকরণের স্ক্রীন-শট ত্রৈমাসিকভিত্তিতে ইনোভেশন সেল-এ প্রেরণের জন্য আইসিটি শাখাকে অনুরোধ জানিয়ে পত্র দিতে হবে। | ইনোভেশন টিম |

| নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | ২.২.১. ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন<br><br>২.২.২. ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত বরাদ্দকৃত অর্থ ব্যয় | ক. ই-গভর্ন্যান্স ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে চলতি অর্থবছরে ৪টি প্রশিক্ষণ আয়োজনের বিষয় কর্মপরিকল্পনায় উল্লেখ রয়েছে।<br><br>প্রশিক্ষণের বিষয়, ভেন্যু, অংশগ্রহণকারী এবং প্রশিক্ষণ আয়োজনের ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় বাজেট তৈরীর বিষয়ে আলোচনা হয় এবং এ বিষয়ে একটি কমিটি গঠনের প্রস্তাব করা হয়। | ক. প্রশিক্ষণ আয়োজন এবং প্রশিক্ষণের ব্যয় নির্বাহের জন্য বাজেট প্রণয়ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠন করা হলো-<br>(১) জনাব মোঃ হামিদুর রহমান, উপপরিচালক(বাস্তবায়ন)- আহ্বায়ক;<br>(২) জনাব অমলেন্দু বিশ্বাস, প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর - সদস্য<br>(৩) জনাব মোঃ শাহীনূর রহমান, উপপরিচালক(দা. বি. ও ঋণ)- সদস্য | ইনোভেশন টিম |

| | | | | |
|---|---|---|---|---|
| | ২.২.৫.দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন | এ বিষয়ে আলোচনায় সরকারি সিদ্ধান্তের কারণে বিদেশে বাস্তবায়িত উদ্ভাবন ধারণা পরিদর্শনের সুযোগ না থাকায় দেশের মধ্যে একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের বিষয়ে মত প্রকাশ করা হয়। সভায় কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলার লাহিনীপাড়ায় 'বেকারমুক্ত গ্রামসৃজন' শিরোনামে উদ্ভাবনী উদ্যোগটি ইনোভেশন কমিটির সদ্যস্যদের পরিদর্শনের বিষয়ে একমত পোষণ করা হয়। | আগামী জানুয়ারি - ২০২৩ মাসে কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলার লাহিনীপাড়ায় 'বেকারমুক্ত গ্রামসৃজন' শিরোনামে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২. | মাঠ পর্যায়ের অফিসমূহে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সভায় জানানো হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মাঠ পর্যায়ের অফিসমূহে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনা রয়েছে এবং এটি বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কার্যক্রমের একটি অংশ বিধায় মাঠ পর্যায়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের বাধ্য-বাধকতা রয়েছে। | মন্ত্রিপরিষদ বিভাগের গাইড লাইন মোতাবেক মাঠ পর্যায়ের অফিসমূহের জন্য নির্ধারিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন নিশ্চিত করতে মহাপরিচাল (গ্রেড-১) মহোদয়ের স্বাক্ষরে মাঠে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভাপতি বলেন, ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রসমূহ যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। তিনি টিমের সকল সদস্যকে ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নে আন্তরিক হতে অনুরোধ করেন। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

এ কে এম মফিজুল ইসলাম
পরিচালক (দা. বি. ও ঋণ) ও ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর।

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০২৮.৫১.০১৩.২২.৮৯

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৯
০৭ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, ক্রীড়া-১ অনুবিভাগ ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
২) পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর
৩) উপ-পরিচালক, প্রশাসন অধিশাখা , যুব উন্নয়ন অধিদপ্তর
৪) উপ-পরিচালক , সংগঠন ও বিদেশ প্রশিক্ষন অধিশাখা , যুব উন্নয়ন অধিদপ্তর
৫) উপ-পরিচালক , দারিদ্র্য বিমোচন ও ঋণ কর্মসূচী অধিশাখা, যুব উন্নয়ন অধিদপ্তর
৬) উপ-পরিচালক, প্রশিক্ষণ শাখা , যুব উন্নয়ন অধিদপ্তর
৭) উপ-পরিচালক , পরিকল্পনা শাখা , যুব উন্নয়ন অধিদপ্তর
৮) প্রোগ্রামার , আইসিটি অধিশাখা , যুব উন্নয়ন অধিদপ্তর
৯) সহকারী পরিচালক, পরিকল্পনা শাখা , যুব উন্নয়ন অধিদপ্তর
১০) সহকারী পরিচালক , সহকারী পরিচালক (অর্থ ও অডিট), যুব উন্নয়ন অধিদপ্তর
১১) সহকারী পরিচালক , প্রশিক্ষণ শাখা , যুব উন্নয়ন অধিদপ্তর
১২) সাঁট লিপিকার , মহাপরিচালকের দপ্তর , যুব উন্নয়ন অধিদপ্তর

মোঃ শাহীনূর রহমান
উপ-পরিচালক ও সদস্য সচিব, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর।